

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৩. যে ব্যক্তি নিয়ত ব্যতীত জ্ঞান অন্বেষণ করে, জ্ঞান তাকে তার নিয়তের দিকেই ফিরিয়ে দিবে

بَابُ مَنْ طَلَبَ الْعِلْمَ بِغَيْرِ نِيَّةٍ فَرَدَّهُ الْعِلْمُ إِلَى النِّيَّةِ

আরবী

أَخْبَرَنَا بِشْرُ بْنُ ثَابِتٍ الْبَزَارُ، حَدَّثَنَا حَسَّانُ بْنُ مُسْلِمٍ، عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ، عَنِ الْحَسَنِ قَالَ: «لَقَدْ طَلَبَ أَقْوَامُ الْعِلْمَ مَا أَرَادُوا بِهِ اللَّهُ تَعَالَى، وَلَا مَا عِنْدَهُ» قَالَ: «فَمَا زَالَ بِهِمُ الْعِلْمُ حَتَّى أَرَادُوا بِهِ اللَّهُ وَمَا عِنْدَهُ

حسان بن مسلم ما وجدت له ترجمة وباقي رجاله ثقات. وما وجدته مسندا في غير هذا الموضع

বাংলা

৩৭২. ইউনুস ইবনু উবাইদ হাসান (রহঃ) হতে বর্ণনা করেন, তিনি বলেন: লোকেরা ইলম শিক্ষা করেছে বটে, তবে এটি তারা আল্লাহ তা'আলার (সন্তুষ্টির) উদ্দেশ্যেও করেনি, কিংবা তাঁর নিকট যা কিছু রয়েছে, সেসব লাভের আশায়ও তারা এটি (জ্ঞানার্জন) করেনি। রাবী বলেন: যখন তারা এ (ইলম অন্বেষণ) দ্বারা আল্লাহ (এর সন্তুষ্টি লাভ) এবং তাঁর নিকট যা কিছু রয়েছে- সেসব (লাভ করা)কে উদ্দেশ্য করেছে, তখন থেকে এ ইলম তাদের মাঝে অব্যাহত রয়েছে।[1]

ফুটনোট

[1] তাহকীক: হাসসান ইবনু মুসলিমের জীবনী আমি কোথাও পাইনি। বাকী রাবীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: এটি আমি সনদসহ আর কোথাও পাইনি।

তবে ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ১৩৮৩ তে এটি উল্লেখ করে বলেন, হাসান বলেন...।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69683>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন